

## মাদ্রাসা শিক্ষা ধ্বংসের দিকে ফাজিল কামিলের মান দেয়ার ৩০০ নম্বরের পরীক্ষা হয়নি : সেশনজট বাড়ছে -সচেতন যুব সমাজ

স্টাফ রিপোর্টার : দীর্ঘদিন অতিক্রান্ত হওয়ার পরেও ফাজিল ও কামিলে অধ্যয়নরতদের পরীক্ষার তারিখ ঘোষণা না হওয়ার শিক্ষাক্ষেত্রে বিরামমান সংকটে পড়ীর উবেগ প্রকাশ করে সচেতন যুব সমাজের নেতৃবৃন্দ এবং ঢাকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৫২৪ যুবক ছাত্র। বিবৃতিতে তারা বলেন, দেশে বর্তমানে দু'ধরনের শিক্ষাব্যবস্থা চলমান। একটি সাধারণ শিক্ষা ব্যবস্থা অন্যটি মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা। তাই দেশের উন্নয়নে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে এড়িয়ে চলার সুযোগ নেই। মাদ্রাসার ছাত্রদের দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে গত সরকার সংসদে বিল পাস করার মাধ্যমে ফাজিলকে ডিগ্রী ও কামিলকে মাস্টারের মান কুঠিরা ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে স্থান দেওয়া হয়েছিল। গত ১৩-০৮-০৭ ই.বি.র জিপি সিরাজুল হকের সভাপতিত্বে মাদ্রাসা একাডেমী কমিটির বৈঠকে ২০০৬-০৭ শিক্ষা বর্ষের ফাজিল ও কামিল শিক্ষার্থীদের মিলেমিশন অনুমোদন ও ২০০৬-০৭ সালে ফাজিল পরীক্ষার উত্তীর্ণ শিক্ষার্থীদের ৩০০ নম্বরের বিশেষ পরীক্ষা গ্রহণের মাধ্যমে মান ধ্বংসের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু দীর্ঘ সময় গত হওয়ার পরেও ই.বি. কর্তৃক কোন ধরনের পরীক্ষা না দেয়ার ছাত্র-ছাত্রীরা নিরুদ্বেগে উদ্বেগিত সম্পর্কে ভীত। সেজন্য জট কৃষ্ণি পাচ্ছে। এমন অসুস্থ পরিস্থিতির ফলে মাদ্রাসা শিক্ষাব্যবস্থা ক্রমাগত ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে। তারা বলেন, বর্তমান সরকার শিক্ষার উন্নয়নে নান্দ্রব্যী পদক্ষেপের ফলে সর্বমুহলে প্রাণসিক্ত হয়েছে। তাই মাদ্রাসা শিক্ষার স্বার্থে ই.বি. কর্তৃপক্ষের সাথে আলোচনা ও পরীক্ষা গ্রহণ তাদের জটিলতা নিরসন করে অতিসূত্র ফাজিল এবং কামিলে অধ্যয়নরতদের পরীক্ষার তারিখ ঘোষণা করা সময়ের দাবী। এবং পরীক্ষা গ্রহণের মাধ্যমে মান বান্ধবায়নের প্রক্রিয়াকে কোন অপত চক্র বাধাগ্রস্ত করছে কিনা তা বর্তমান তত্ত্বাবধায়ক সরকারকে মূল্যায়ন করতে হবে। বিবৃতিদাতারা বলেন, সচেতন যুব সমাজের সভাপতি আবু সালমান মুহাম্মদ আমার, সহ-সভাপতি মুহাম্মদ ফাহিম হিফাজী, মে: সেক্রেটারী মুহাম্মদ জামি উদ্দিন, সহ-সেক্রেটারী হাফেজ মুহাম্মদ নবীউল্লাহ, প্রচার সম্পাদক মুহাম্মদ ফজলুর রহমান মুশী, সহ-প্রচার সম্পাদক মুহাম্মদ উমর ফারুক, দপ্তর সম্পাদক মুহাম্মদ রশিদ আহম্মদ মুহাম্মদ মফিজুর রহমান, মুহাম্মদ নাফিস উদ্দিন, মুহাম্মদ মাহমুদুর রহমান প্রমুখ।